

■ কাফ | Qaf | ভ

আয়াতঃ ৫০: ২৩

💵 আরবি মূল আয়াত:

وَ قَالَ قَرِينُهُ هٰذَا مَا لَدَىَّ عَتِيدٌ ﴿ ٢٣٢﴾

আর তার সাথী (ফেরেশতা) বলবে, এই তো আমার কাছে (আমল নামা) প্রস্তুত। — আল-বায়ান তার সঙ্গী (ফেরেশতা) বলবে 'এই যে আমার কাছে ('আমালনামা) প্রস্তুত।' — তাইসিরুল তার সঙ্গী মালাক/ফেরেশতা বলবেঃ এইতো আমার নিকট 'আমলনামা প্রস্তুত। — মুজিবুর রহমান And his companion, [the angel], will say, "This [record] is what is with me, prepared." — Sahih International

২৩. আর তার সঙ্গী ফেরেশতা বলবে, এই তো আমার কাছে আমলনামা প্রস্তুত।

তাফসীরে জাকারিয়া

(২৩) তার সঙ্গী (ফিরিশতা) বলবে, 'এই তো আমার নিকট (আমলনামা) প্রস্তত।' [1]

[1] অর্থাৎ, ফিরিশতা মানুষের সমস্ত রেকর্ড সামনে রেখে দেবেন এবং বলবেন, এটা হল তোমার কর্ম-তালিকা (আমলনামা) যা আমার কাছে ছিল।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4653

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন